# নবীজীর গল্প শোনো

صَلَّى ٱللَّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ

মাওলানা ইরফান জিয়া




﴿ قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ
فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ
وَيَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَاللَّهُ غَفُورٌ رَحِيمٌ ﴾

سورة آل عمران: 31

আল্লাহ তা‘আলা পবিত্র কুরআনে ইরশাদ করেছেন,
‘হে নবী আপনি বলে দিন, তোমরা যদি আল্লাহকে ভালোবেসে থাকো তবে আমার অনুসরণ করো। তাহলে আল্লাহও তোমাদের ভালোবাসবেন এবং তোমাদের গোনাহসমূহ ক্ষমা করে দেবেন।’

সূরা আলে ইমরান: ৩১

# নবীজীর
# গল্প
# শোনো

মাওলানা ইরফান জিয়া
নবীজীর গল্প শোনো

গ্রন্থস্বত্ব লেখকের
প্রথম প্রকাশ: মুহাররম ১৪৪৩হি. আগস্ট ২০২১ঈ.

নিরীক্ষণ: মুফতী মাহমূদুল আমীন
প্রচ্ছদ ও অঙ্গসজ্জা: মাওলানা মাহমূদুল হাসান
প্রকাশনা সৌজন্য: .............
প্রকাশনা সহযোগী: মা'হাদ প্রকাশনী
বসিলা, মুহাম্মাদপুর, ঢাকা-১২০৭

**NABIJIR GOLPO SHONO**
Written By: Mawlana Erfan Zia,
Publication Courtesy: ........................
Publishing Collaboration: Mahad Prokashoni
Bosila, Muhammdadpur, Dhaka-1207
**ISBN:** 000-000-00-0000-0
www.mahadbd.com

# ইহদা

# মুখবন্ধ

বিসমিহী তা'আলা

নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতি ভালোবাসা মুমিনের জীবনের অন্যতম একটি অনুষঙ্গ। মুমিন হৃদয়ের খুব গভীরে নবীপ্রেম বদ্ধমূল হয়ে থাকে। এই প্রেম কখনো প্রকাশ পায় লেখায়, কখনো প্রকাশ পায় বলায়। আবার কারো ক্ষেত্রে হয়তো সেটি না বলা অভিব্যক্তি হিসেবেই থেকে যায়।

নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রতি ভালোবাসার প্রকাশ হিসেবে বিভিন্ন সময়ে নানা আঙ্গিকে নবীজীকে নিয়ে সীরাত ও গল্পগ্রন্থ রচনা করা হয়েছে। ইসলামের শুরু যুগ থেকে এই ধারাবাহিকতা আজ পর্যন্ত অব্যাহত রয়েছে। নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সীরাতের একজন মোহিত পাঠক হিসেবে আমারও ইচ্ছে ছিলো- হৃদয়ে লালিত এ ভালোবাসাকে সুযোগ পেলে কাগজের পাতায় এঁকে ফেলবো। নবী জীবনের কিছু গল্প লেখার মাধ্যমে তার প্রতি শ্রদ্ধা ও ভালোবাসার নিবেদন পেশ করবো। পাঠকের হাতে উপস্থিত ছোটদের জন্য লিখিত সীরাতগ্রন্থটি সেই শ্রদ্ধা ও ভালোবাসারই ক্ষুদ্র প্রকাশ।

পাঠকের নিশ্চয় অজানা নয়- পৃথিবীর মুশকিলতম একটা কাজ হচ্ছে ছোটদের পাঠোপযোগী লেখা তৈরি করা। শুধু লেখা নয়, ছোটদের সাথে দীর্ঘ সময় কথা চালিয়ে নেওয়াও কঠিনতম একটি কাজ। এর একটি কারণ এই যে, শিশুমনন একঘেয়েমি পছন্দ করে না। গল্প পড়া এবং শোনার ক্ষেত্রে তারা বিষয় বৈচিত্র ও আকর্ষণীয় উপস্থাপনার প্রতি গভীর অনুরাগ পোষণ করে। শিশুদের জন্য একঘেয়েমিমুক্ত সাবলীল উপস্থাপনার বিষয়টি এতোটাই গুরুত্বপূর্ণ যে, এর অভাবে শিশুরা অনেক সময় নিয়মতান্ত্রিক পড়াশোনার ব্যাপারেও আগ্রহ হারিয়ে ফেলে। শিশুদের পাঠোপযোগী লেখা মুশকিল হওয়ার কারণেই সম্ভবত খুব কম সংখ্যক লেখকই শিশুদের জন্য লেখা তৈরির কথা ভেবেছেন। বিশেষ করে বাংলাভাষায় শিশুদের পাঠোপযোগী লেখার পরিমাণ দেখলে সচেতন মহলকে হতাশ হতে হয়। এগুলোর মধ্যে শিশুতোষ সীরাতগ্রন্থ খুঁজলে খুব কম সংখ্যক গ্রন্থই বের হয়ে আসবে। সেজন্যই এই গ্রন্থটির পাঠক হিসেবে প্রধানত কচিকাঁচা ও শিশু কিশোরদের কথা চিন্তা করা হয়েছে।

গ্রন্থটি রচনার সময় মনে হয়েছে, নবীজীবনের গল্পগুলো আমি শুধু লিখছি না; বরং একদল শিশু কিশোরকে সেগুলো পাঠ করে শোনাচ্ছি। গ্রন্থটি পাঠ করার সময় পাঠকও বিষয়টি অনুভব করতে পারলে আনন্দ বোধ করবো।

জেনে রাখা প্রয়োজন- নবীজীবনকে ঘিরে কিছু অগ্রহণযোগ্য বর্ণনাও কিছু কারণে সীরাতের বিভিন্ন কিতাবে চলে এসেছে। এ গ্রন্থ রচনার সময় সেসব বর্ণনা সচেতনভাবে এড়িয়ে যাওয়া হয়েছে। পাশাপাশি যেসব বিষয়ে একাধিক মত রয়েছে; সেসব বিষয়ে একাধিক মত উল্লেখ না করে তুলনামূলক অধিক গ্রহণযোগ্য মতটিই শুধু উল্লেখ করার চেষ্টা করা হয়েছে।

গ্রন্থটি লেখার জন্য নবীজীর সীরাত বিষয়ক বিভিন্ন গ্রন্থের সহযোগিতা নেওয়া হয়েছে। এর সংক্ষিপ্ত একটি তালিকা গ্রন্থটিতে উল্লেখ করা হয়েছে। শিশু-কিশোরদের পছন্দের প্রতি লক্ষ্য রেখে গ্রন্থটির নাম রাখা হয়েছে 'নবীজীর গল্প শোনো'।

ছোটদের সীরাতগ্রন্থ 'নবীজীর গল্প শোনো' প্রকাশের এই আনন্দমুখর সময়ে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি ঢাকার মুহাম্মদপুরে অবস্থিত মা'হাদুল বুহুসিল ইসলামিয়া কর্তৃপক্ষের প্রতি। মা'হাদের কয়েকজন শুভাকাঙ্ক্ষীর আগ্রহে তারা এই গ্রন্থটি প্রকাশের উদ্যোগ নিয়েছেন। মা'হাদের মুহত-ারাম মুদীর মাওলানা মাহমূদুল আমীন সাহেব তার অফুরন্ত ব্যস্ততা সত্ত্বেও গ্রন্থটি নিরীক্ষণ করে দিয়েছেন। গ্রন্থটির কয়েকটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে বন্ধুপ্রতিম মাওলানা সাঈদুর রহমান ও মাওলানা মাসিহুল্লাহ মুসান্না -এর সহযোগিতাও সবিশেষ উল্লেখযোগ্য।

দু'আ করি- গ্রন্থটি সবার জন্য সুখপাঠ্য হয়ে উঠুক। শিশু-কিশোরদের মেধা ও মননকে সীরাতের আলোয় আলোকিত করতে গ্রন্থটি তাদের প্রিয় সঙ্গীর ভূমিকা পালন করুক। আখেরাতের নাজাতের জন্য গ্রন্থটি হোক অন্যতম মাধ্যম।

**-ইরফান জিয়া**

১লা রবিউল আউয়াল ১৪৪৩হি.

# গ্রন্থপঞ্জি